# ইরানের বিরুদ্ধে কঠোর অর্থনৈতিক পদক্ষেপের হুমকি ট্রাম্পের



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চলমান সংঘাতের অবসানে সমঝোতা না হওয়ায় দেশটির বিরুদ্ধে নজিরবিহীন অর্থনৈতিক চাপ তৈরির হুমকি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তেহরানের সঙ্গে তেল, ব্যাংকিং ও বাণিজ্যিক কার্যক্রমে যুক্ত অন্য দেশ বা প্রতিষ্ঠানগুলোকেও এর আওতায় আনার কথা জানিয়েছেন তিনি।

বুধবার (১৯ আগস্ট) নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, ইরান আলোচনার সুযোগ নষ্ট করেছে। এর পরিণতিতে দেশটি বড় ধরনের অর্থনৈতিক চাপ ও আন্তর্জাতিকভাবে আরও বিচ্ছিন্নতার মুখে পড়বে।

এই পদক্ষেপকে 'ইকোনমিক ডি-ডে' হিসেবে উল্লেখ করে মিত্র দেশগুলোর প্রতি যুক্তরাষ্ট্রের অবস্থানের সঙ্গে থাকার আহ্বান জানান তিনি।

ইরানের সঙ্গে ব্যবসা বা আর্থিক লেনদেন চালিয়ে যাওয়া দেশ ও প্রতিষ্ঠানের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার কথা বলেন ট্রাম্প। তার তালিকায় তেল পাচার, মুদ্রা বিনিময়, ব্যাংকিং লেনদেন, মানি এক্সচেঞ্জ, জাহাজ নিবন্ধন এবং বিভিন্ন নামে পরিচালিত ফ্রন্ট কোম্পানির কার্যক্রম রয়েছে।

LENS ASIA

তবে ট্রাম্পের বক্তব্যকে নতুন কোনো হুমকি হিসেবে দেখছে না ইরান। দেশটির আধা-সরকারি বার্তা সংস্থা তাসনিমের প্রতিবেদনে বলা হয়েছে, দীর্ঘদিনের মার্কিন নিষেধাজ্ঞা মোকাবিলা করতে করতে ইরান এ ধরনের চাপ সামলানোর কৌশল রপ্ত করেছে।

ইরানের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম আইআরআইবিও ট্রাম্পের ঘোষণার সমালোচনা করেছে। তারা বলেন, সামরিক পদক্ষেপে কাঙ্ক্ষিত ফল না পাওয়ার পর মার্কিন প্রেসিডেন্ট অর্থনৈতিক চাপের হুমকি দিয়ে নিজের হতাশা আড়াল করার চেষ্টা করছেন।